কালের কণ্ঠ

তারিখ: 23 OCT 2016
পৃষ্ঠা: ৩২ কলাম: ৭

### নাজিরপুরে শিক্ষার্থীদের উপবৃত্তি

# ব্যাংক হিসাব খুলতে লাগছে টাকা!

**পিরোজপুর প্রতিনিধি ▷**

পিরোজপুরের নাজিরপুরে বিভিন্ন স্কুল-কলেজে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা তোলার জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলার নামে বিপুল পরিমাণ টাকা আদায়ের অভিযোগ পাওয়া গেছে। তবে সংশ্লিষ্ট ব্যাংকের পক্ষ থেকে বলা হয়েছে, শিক্ষার্থীদের নামে অ্যাকাউন্ট খোলার জন্য কোনো টাকার প্রয়োজন নেই।

উপজেলার গাওখালী স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা জানায়, উপবৃত্তির ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য তাদের বিদ্যালয়ের প্রায় ৫০০ শিক্ষার্থীর প্রত্যেকের কাছ থেকে ২০০ করে টাকা আদায় করেছেন শিক্ষকরা। সে হিসেবে প্রায় ১০ লাখ টাকা আদায় করা হয়েছে।

ওই কলেজের অধ্যক্ষ মো. জাফর বাহাদুর এ অভিযোগ অস্বীকার করলেও নাম প্রকাশ না করার শর্তে ওই কাজে নিয়োজিত এক শিক্ষক জানান, প্রতিষ্ঠান প্রধানের নির্দেশেই তাঁরা ওই টাকা আদায় করেছেন।

উপজেলার মাটিভাঙ্গা ডিগ্রি কলেজে একাদশ শ্রেণির ১০৫ জন শিক্ষার্থীর কাছ থেকে ২০০ টাকা করে আদায়ের অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে ওই কলেজের অধ্যক্ষ মো. নজরুল ইসলাম জানান, ব্যাংক অ্যাকাউন্ট খোলার কাজে অফিস সহকারীসহ কয়েক শিক্ষক নিয়োজিত রয়েছেন। তাঁরাই এর দায়িত্ব পালন করছেন। তিনি এ ব্যাপারে কিছু জানেন না বলে জানান।

উপজেলার দিঘীরজান মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রায় ৪০০ শিক্ষার্থীর প্রত্যেকের কাছ থেকে ২০ টাকা করে আদায় করা হয়েছে। তবে প্রধান শিক্ষক মো. জাহাঙ্গীর হোসেন এ টাকা আদায়ের কথা অস্বীকার করে জানান, এ ক্ষেত্রে অনেক কাজ ও খরচ আছে। তাই অফিস সহকারী মাঝেমধ্যে দুই-একজনের কাছ থেকে এ টাকা আদায় করছেন।

হাজী গনি মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় ৫০০ শিক্ষার্থীর প্রত্যেকের কাছ থেকে ১০ টাকা করে আদায় করা হয়েছে। ওই বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মলয়েন্দু বোস জানান, ম্যানেজিং কমিটির নির্দেশে ওই টাকা আদায় করা হয়েছে।

পিরোজপুর ডাচ্-বাংলা ব্যাংকের সাবেক এরিয়া ম্যানেজার আহসান হাবিব জানান, শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের অ্যাকাউন্ট বাবদ কোনো টাকা নেওয়া হয় না। প্রতিষ্ঠানের পক্ষ থেকে অনুমতি পেলে ব্যাংকের লোকজন সেখানে গিয়েই শিক্ষার্থীদের অ্যাকাউন্ট খুলে দেয়।

গত ১৩ অক্টোবর অন্যত্র বদলি হওয়া উপজেলা শিক্ষা কর্মকর্তা জিয়াউল হক মিলন বলেন, ব্যাংক অ্যাকাউন্ট করার জন্য শিক্ষার্থীদের কাছ থেকে টাকা নেওয়ার কোনো বিধান নেই। তবে এ ব্যাপারে তাঁর কাছে কেউ কোনো লিখিত অভিযোগ জানায়নি।